রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ২৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/২৪ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩১৫-আইন/২০২৬।**—যেহেতু, সরকার Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No. V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (1) তে প্রদত্ত ক্ষমতাবলে ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার উদ্দেশ্যে গত ১৫ পৌষ, ১৪০৬ বঙ্গাব্দ মোতাবেক ২৯ ডিসেম্বর, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩৭৯-আইন/৯৯ দ্বারা নিম্ন তফসিলে বিধৃত কক্সবাজার জেলার আওতাধীন নিদানীয়া ও ইনানী এয়ার ডিফেন্স (এডি) ফায়ারিং রেঞ্জ এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে; এবং

যেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে গত ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের নোটিশ এস. আর. ও. নং ২২০-আইন/২০২৬ দ্বারা উক্ত এলাকায় ৫ জুলাই, ২০২৬ হইতে ৪ জুলাই, ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারি করিবার উদ্দেশ্যে, একটি অভিপ্রায় নোটিশ জারি করিয়াছে;

সেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে ৫ জুলাই, ২০২৬ হইতে ৪ জুলাই, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস্ পরিচালনা অনুমোদন করিল, যথা:—

**তফসিল**

ক। **কামান এলাকার সীমানা** - সমুদ্র উপকূলের যে কোনো জায়গা কামান রাখার জন্য নির্বাচিত হইতে পারে যদি:

(১) ইহা উঁচু জোয়ারের সময় পানির কিনারা হইতে পূর্বদিকে ১০০০ গজ পর্যন্ত দূরত্ব হয়।

(২) **উত্তর সীমানা:** নিদানীয়া।

| | | | |
|---|---|---|---|
| (ক) | দ্রাঘিমাংশ | : | ৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড পূর্ব। |
| (খ) | অক্ষাংশ | : | ২১ ডিগ্রী ১৬ মিনিট ৫০ সেকেন্ড উত্তর। |
| (গ) | ভূ-সূত্র | : | ইউ এইচ (সি জি) ০৩১৬। |
| (ঘ) | গ্রীড সূত্র | : | বর্গক্ষেত্র ৩৩৩০, মানচিত্র সীট নং ৮৪সি/৩, স্কেল ১:৫০,০০০। |
| (ঙ) | থানা | : | উখিয়া। |
| (চ) | জেলা | : | কক্সবাজার। |

(৩) **দক্ষিণ সীমানা:** ইনানী।

| | | | |
|---|---|---|---|
| (ক) | দ্রাঘিমাংশ | : | ৯২ ডিগ্রী ০৩ মিনিট ১৫ সেকেন্ড। |
| (খ) | অক্ষাংশ | : | ২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড। |
| (গ) | ভূ-সূত্র | : | ইউ এইচ (সি জি) ০৩১৪। |
| (ঘ) | গ্রীড সূত্র | : | বর্গক্ষেত্র ৩৩২৪, মানচিত্র সীট নং ৮৪সি/৩, স্কেল ১:৫০,০০০। |
| (ঙ) | থানা | : | উখিয়া। |
| (চ) | জেলা | : | কক্সবাজার। |

খ। ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (অর্থাৎ টার্গেট এলাকা):

| | | | |
|---|---|---|---|
| (১) | উত্তর সীমানা | : | নিদানীয়া হইতে ৩১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)। |
| (২) | দক্ষিণ সীমানা | : | ইনানী হইতে ২১৫ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত)। |

(৩) ফায়ারিং/কামান এলাকার কেন্দ্র হইতে ফায়ারিং এলাকার ব্যাপ্তি : ১৫,০০০ গজ অথবা ৮.৫ মাইল সমুদ্রের আকাশ বরাবর, উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে।

(৪) বিপদ এলাকার উচ্চতা : ২৫,০০০ ফুট।

গ। এলাকার সীমানা - এলাকাটি নিম্নোক্ত ভৌগোলিক কেন্দ্র বিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি রেখার দ্বারা বেষ্টিত:

| | | দ্রাঘিমাংশ (পূর্ব) | অক্ষাংশ (উত্তর) |
|---|---|---|---|
| (১) | বিন্দু ১ | ৯২ ডিগ্রী ০৩ মিনিট ২৫ সেকেন্ড | ২১ ডিগ্রী ১৬ মিনিট ৫০ সেকেন্ড |
| (২) | বিন্দু ২ | ৯২ ডিগ্রী ০৩ মিনিট ১৫ সেকেন্ড | ২১ ডিগ্রী ১৪ মিনিট ১০ সেকেন্ড |
| (৩) | বিন্দু ৩ | ৯১ ডিগ্রী ৫৭ মিনিট ৫৫ সেকেন্ড | ২১ ডিগ্রী ২২ মিনিট ৪৫ সেকেন্ড |
| (৪) | বিন্দু ৪ | ৯১ ডিগ্রী ৫৮ মিনিট ৪৫ সেকেন্ড | ২১ ডিগ্রী ০৮ মিনিট ১৫ সেকেন্ড |

ঘ। এলাকাটিতে মৌজা অন্তর্ভুক্তি:

| ক্রমিক | মৌজা | জে এল নং | সীট নং |
|---|---|---|---|
| ১। | ইনানী | ২ | ১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd